

বাংলাদেশ ইউনিভার্সিটির (বিইউ) ১২তম সিন্ডিকেট সভা অনুষ্ঠিত হয়েছে। গত মঙ্গলবার ঢাকার আদাবরস্থ ইউনিভার্সিটির স্থায়ী ক্যাম্পাসে এ সভার আয়োজন করা হয়।

সিন্ডিকেট সভায় গত ১০ অগাস্ট অনুষ্ঠিত বিইউ'র একাডেমিক কাউন্সিলের ২৪তম সভায় গৃহীত সিদ্ধান্তসমূহের অনুমোদন এবং শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারী নিয়োগের অনুমোদনসহ অন্যান্য গুরুত্বপূর্ণ বিষয়ে আলোচনা এবং সিদ্ধান্ত গৃহীত হয়।

সভায় সভাপতিত্ব করেন সিন্ডিকেট চেয়ারম্যান ও বাংলাদেশ ইউনিভার্সিটির ভারপ্রাপ্ত উপাচার্য প্রফেসর ড. মেসবাহ কামাল।

সভায় শিক্ষা মন্ত্রণালয়ের মনোনীত সদস্য অতিরিক্ত সচিব খালেদা আক্তার, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের মনোনীত সদস্য ও বরিশাল বিশ্ববিদ্যালয়ের কোষাধ্যক্ষ প্রফেসর ড. এম. বদরুজ্জামান ভূঁইয়া, ইউনিভার্সিটির বোর্ড অব ট্রাস্টিজের মনোনীত সদস্য ইঞ্জিনিয়ার মশিহ উর রহমান, ডা. সাগুস্তা মাহমুদ ও শাহনীলা আজহার, বিইউ'র একাডেমিক কাউন্সিল মনোনীত সদস্য সাদিক ইকবাল ও ড. মোছা. লুবনা জাহান এবং বাংলাদেশ ইউনিভার্সিটির কোষাধ্যক্ষ কামরুল হাসান ও রেজিস্ট্রার ব্রিগেডিয়ার জেনারেল মো. মাহবুবুল হক (অব.) উপস্থিত ছিলেন।

